

আমি মিয়া  
২২

ড. ইউনুস সমাবর্তন বক্তা নন,  
ডিগ্রি গ্রহণকারী হিসেবে বক্তব্য  
রাখবেনঃ ঢাবি ভিসি

১। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ১।  
বুধবার, অনুষ্ঠেয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
৪০তম সমাবর্তনে নোবেল পুরস্কার বিজয়ী  
ড. মুহাম্মদ ইউনুস সমাবর্তন বক্তা হিসেবে নয়,  
স্বাধীনতা ডিগ্রী গ্রহণকারী হিসেবে বক্তব্য  
রাখবেন। তার বক্তব্য হবে একাডেমিক এবং  
অরাজনৈতিক। রবিবার বিশ্ববিদ্যালয়ের ভিসি  
অধ্যাপক এসএমএ (২য় পৃঃ ২-এর কঃ প্রঃ)

ঢাবি ভিসি  
(প্রথম পৃঃ পর)

ফায়ের ও তজ্ঞা ছানিয়ে বলেছেন, ১৫  
ফেব্রুয়ারি তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের  
বার্তাযোগে জানিয়েছেন, তার উচিত অব দিগ্রী  
গ্রহণে অপরি নাই। এই বার্তায় তিনি সমাবর্তন  
বক্তা হিসেবে সত্যি কৈনিক। ভিসি আরো জানান,  
সমাবর্তন উপলক্ষে চাপেলের ড. ইউনুস এবং তিনি  
বক্তব্য রাখবেন। সমাবর্তনে সমাবর্তন বক্তা  
পাঠতেই হবে এ ধরনের কোন সিদ্ধান্ত নেই বলে  
উল্লেখ করে তিনি বলেন, এর আগের সমাবর্তনে  
স্বাধীন ডিগ্রী গ্রহণকারীরা যেভাবে বক্তব্য রেখেছেন  
তিনিও সেভাবে বক্তব্য রাখবেন।

এদিকে রবিবারও নীলদলের শিফকরা, ছাত্র  
সংগঠনগুলোর নেতৃবৃন্দ এবং ছাত্রদের একটি অংশ  
ড. ইউনুসকে সমাবর্তন বক্তা হিসেবে অনুষ্ঠানে না  
আনার আহ্বান জানান। নীলদলের শিফক  
নেতৃবৃন্দ রবিবার বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত এক  
সাংবাদিক সম্মেলনে বলেন, ড. ইউনুস গত  
চারমাসে সর্বমহলে তাঁর গ্রহণযোগ্যতা প্রশংসিত  
করেছেন। নোবেল বিজয়ী ড. ইউনুস আর  
"নাগরিক শক্তি" শীর্ষক রাজনৈতিক দলের নেতা  
ইউনুস পরশুর তিনু চরিত্র। তারা বলেন, পূর্ব  
সিদ্ধান্ত অনুযায়ী ড. ইউনুসকে প্রধানমুখক উল্লেখ  
ডিগ্রী প্রদান করা হলে তাদের সত্যি থাকবে।

সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন অধ্যাপক  
নজরুল শাহীন। বিভিন্ন প্রশ্নের উত্তর দেন অধ্যাপক  
আ আ র স আরেফিন সিদ্দিক, অধ্যাপক ড. আর  
আই এন আহিনুর রশিদ, অধ্যাপক ড.  
আবতালক্বাযমান, অধ্যাপক হোসেন মনসুর,  
অধ্যাপক সাদেকা হালীম, হাফিজুর রহমান কার্জন  
প্রমুখ।

অধ্যাপক আরেফিন সিদ্দিক চাপেলের  
প্রেসিডেন্ট অধ্যাপক ড. ইয়াসিন আহমেদকে  
বিতর্কিত হওয়ার কারণে সমাবর্তনে সভাপতিত্ব না  
করার আহ্বান জানিয়েছেন।

হাফিজুর রহমান কার্জন বলেন, ড. ইউনুসের  
নোবেল পুরস্কার প্রাপ্তিতে অত্যন্ত শক্তি রয়েছে।  
ছাত্রদের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি  
হাসান মাদুন বলেন, এত প্রতিবাদের মুখে ড.  
ইউনুসের সমাবর্তন বক্তা না হওয়াই সমুচিত।  
ছাত্রদের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ওহিদুর  
রহমান তিপু বলেন, বিতর্কিত হওয়ায় ড. ইউনুস  
সমাবর্তন বক্তা হতে পারেন না।

জাতীয় ছাত্র সমাজের (জেপি) নজরুল  
ইসলাম বলেন, নোবেল বিজয়ী হিসেবে ড.  
ইউনুসের সমাবর্তনে যোগ দেয়া উচিত। তিনি  
রাজনৈতিক দল গঠনের ঘোষণা দিলেও এখনও  
রাজনীতিবিদ নন।